দৈনিক বাংলা ৫৭

তারিখ 26 AUG 1991 ৪
পৃষ্ঠা ১ কলাম

# চট্টগ্রাম ভার্সিটিঃ ছাত্রছাত্রীর উপস্থিতি কম

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

চট্টগ্রাম, ২৫শে আগস্ট।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতির আরও অবনতি ঘটেছে। গতকাল থেকে ক্লাস শুরু হলেও ক্যাম্পাসে আজ ছাত্র–

(শেষ পৃঃ ৬–এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রীদের উপস্থিতির হার আগের তুলনায় কম ছিল।

যথেষ্ট সংখ্যক নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হলেও অধিকাংশ শিক্ষক ক্যাম্পাসে আসছেন না। ফলে অনেক বিভাগে ক্লাস নেয়া সম্ভব হচ্ছে না। ভাইস চ্যান্সেলর গতকালও তার অফিসে আসেননি। আজও আসেননি।

বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা বিরাজ করায় স্নাতক (পাস '৯০) পরীক্ষার ফলাফল এখনও ঘোষণা করা হয়নি। ১লা সেপ্টেম্বরের মধ্যে ফলাফল ঘোষণার জন্য পরীক্ষার্থীরা দাবী জানিয়েছে। অন্যথায় তারা বৃহত্তর আন্দোলন ঘোষণা করবে।

বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরি–স্থিতিতে আগামী ২৯শে আগস্ট অনুষ্ঠিতব্য শিক্ষক সমিতির নির্বাচন অনিশ্চিত হয়ে পড়েছে। সন্ত্রাসের কারণে আট মাস যাবৎ এই নির্বাচন বন্ধরয়েছে।